যুগান্তর

তারিখ 18 APR 2015
পৃষ্ঠা ২৮ কলাম ৬



মানিকগঞ্জে ঝড়ে বিধ্বস্ত স্কুলের ক্ষুদে শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে ক্লাস করছে যুগান্তর

ঝড়ে স্কুল ভবন বিধ্বস্ত

# মানিকগঞ্জে খোলা আকাশের নিচে শিক্ষা কার্যক্রম

মানিকগঞ্জ প্রতিনিধি

খোলা আকাশের নিচে চলছে মানিকগঞ্জ সদর উপজেলা বরঙ্গাখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৫১ শিক্ষার্থীর পড়াশোনা। কোমলমতি ওই শিক্ষার্থীদের আর ক'দিন পরই শুরু হবে প্রথম সাময়িক পরীক্ষা। এ অবস্থায় শিক্ষার পরিবেশ নিয়ে উদ্বিগ্ন শিক্ষক ও অভিভাবকরা। গত এক সপ্তাহ আগে ঝড়ে ওই স্কুলের টিনশেড ভবনটি বিধ্বস্ত হয়েছে। বরঙ্গাখোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, ঝড়ে বিধ্বস্ত ভবনের সামনের আঙ্গিনায় সারি সারি বেঞ্চে বসে শিক্ষার্থীরা লেখাপড়া করছে। একসঙ্গে সব শ্রেণীর ক্লাস নেয়াতে অমনোযোগী হয়ে পড়ছে শিক্ষার্থীরা। খোলা আকাশের নিচে ক্লাস নেয়ার পাশাপাশি স্কুলের বারান্দায় ক্লাস চলছে শিশু শ্রেণীতে পড়ুয়া শিক্ষার্থীদের। সবমিলিয়ে শিক্ষার পরিবেশ চরমভাবে বিঘ্নিত হচ্ছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেবা রানী বিশ্বাস বলেন, ৭৭ বছরের পুরনো এ বিদ্যালয়টি ৮ এপ্রিল ঝড়ে একটি টিনশেড ভবন বিধ্বস্ত হয়ে যায়। এরপর থেকে ১৫১ শিক্ষার্থী নিয়ে স্কুল আঙ্গিনায় খোলা আকাশের নিচে পাঠদান কার্যক্রম পরিচালনা করতে হচ্ছে। এতে কোমলমতি শিক্ষার্থীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটছে। প্রধান শিক্ষক আরও জানালেন, ২২ এপ্রিল প্রথম সাময়িক পরীক্ষা। পরীক্ষার আগেই যদি কর্তৃপক্ষ বিধ্বস্ত ভবনটি মেরামতের ব্যবস্থা না করে তাহলে পরীক্ষা চালানো খুবই সমস্যা হবে। তৃতীয় শ্রেণীর শিক্ষার্থী মার্জিয়া আক্তারের সঙ্গে কথা হলে সে জানায়, খোলা আকাশের নিচে বসে তাদের ক্লাস করতে খুবই কষ্ট হচ্ছে। এক জায়গায় গাদাগাদি করে বসতে হচ্ছে। পড়ালেখায় তাদের মন বসছে না। বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর আরেক শিক্ষার্থী শামীমের সঙ্গে কথা হলে সে জানায়, ঝড়ে স্কুলটি ভেঙে পড়ায় তাদের লেখাপড়ায় বিঘ্ন ঘটছে। খোলা আকাশের নিচে বসে ক্লাস করতে ভালো লাগে না। বিদ্যালয়ের শিক্ষার্থীদের দাবি দ্রুত তাদের প্রতিষ্ঠানটি সংস্কার করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার।

শিক্ষার্থীদের অভিভাবক মরিয়ম বেগম জানান, তার সন্তানসহ স্কুলের শিক্ষার্থীরা খোলা আকাশের নিচে ক্লাস করছে। এর মধ্যে একদিন ক্লাস চলাকালীন দুপুরে বৃষ্টিতে শিক্ষার্থীরা যেমন ভিজেছে তেমনি অনেকের বই-খাতাও ভিজে নষ্ট হয়েছে।